



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥


জাতীয় ঈদগাহ ও বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র ঈদুল আযহার নামাযের সময়সূচি

ঢাকা, ৮ সেপ্টেম্বর ২০১৬, বৃহস্পতিবার ॥

যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্য পরিবেশে আগামী ১৩ সেপ্টেম্বর মঙ্গলবার সারাদেশে পবিত্র ঈদুল আযহা উদযাপিত হবে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে জাতীয় ঈদগাহ ময়দানে দেশের প্রধান ঈদ জামাআত সকাল ৮.০০ টায় অনুষ্ঠিত হবে। আবহাওয়া প্রতিকূল হলে উক্ত জামাআত সকাল ৮.৩০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে অনুষ্ঠিত হবে। জাতীয় ঈদগাহে ঈদুল আযহার নামাযে ইমামতি করবেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান। বিকল্প ইমাম হিসেবে উপস্থিত থাকবেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মাওলানা মহিউদ্দিন কাসেম।

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পর্যায়ক্রমে ৫টি ঈদ জামাআত অনুষ্ঠিত হবে। প্রথম জামাআত সকাল ৭টা, দ্বিতীয় জামাআত সকাল ৮টা, তৃতীয় জামাআত সকাল ৯টা, চতুর্থ জামাআত সকাল ১০টা এবং পঞ্চম ও সর্বশেষ জামাআত সকাল ১০.৪৫ টা। ইমামতি করবেন- প্রথম জামাআতে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি মাওলানা মুহিবুল্লাহিল বাকী নদভী, দ্বিতীয় জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের মুহাদ্দিস মাওলানা ওয়ালীয়ুর রহমান খান, তৃতীয় জামাআতে মহাখালী হোসাইনিয়া কামিল মাদ্রাসার প্রিন্সিপাল ড. মাওলানা নজরুল ইসলাম আল মা'রুফ, চতুর্থ জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের মুফতী মাওলানা মোহাম্মদ আবদুল্লাহ এবং পঞ্চম ও সর্বশেষ জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের সহকারী পরিচালক হাফেজ মাওলানা মোঃ মোস্তাফিজুর রহমান।

সুষ্ঠু ও সুন্দরভাবে ঈদুল আযহার নামায আদায়ের জন্য মুসল্লীদের সুবিধার্থে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পর্যাপ্ত পানি ও নিশ্চিত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।


(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক

জনসংযোগ শাখা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২

nizamshaheed@gmail.com